গাংনীতে গাঁজাসহ মাদক কারবারী আটক

১০০ গ্রাম গাঁজাসহ সোহান হোসেন নামের এক মাদক কারবারীকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্প।
আটক সোহান বামন্দী পশ্চিমপাড়া এলাকার ইরফান আলীর ছেলে।
সোমবার দিবাগত মধ্যরাতে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ সোহানকে আটক করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।
সোহানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ মঙ্গলবার (১৩ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদ আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর বাজারে অভিযান চালিয়ে অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদুর রহমান ওরফে মাসুদকে (৩০) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার কোমরপুর বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়। মাসুদ রহমান মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রামের মুনছের আলীর ছেলে। কোমরপুর বাজারে ওয়ালটন শো রুমের ডিলার তিনি। এছাড়াও কৃষি মেশিনারিজের একটি দোকানও রয়েছে তার।

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল জানান, অনলাইন জুয়ার বন্ধে মেহেরপুর জেলা পুলিশের তথ্যনুসন্ধান ও গ্রেফতার অভিযান চলমান। এর অংশ হিসেবে তথ্য প্রযুক্তির ব্যবহার এবং কিছুদিন আগে গ্রেফতার হওয়া এক আসামির স্বীকারোক্তিতে মাসুদ রহমানের বিষয়টি সামনে আসে। তদন্তে মাসুদ বড় আকারের একজন এজেন্ট ও অনলাইন জুয়ার মাস্টার

মাইন্ড বলে নিশ্চিত হয় পুলিশ। এর প্রেক্ষিতে মাসুদ রহমানকে গ্রেফতারে অভিযান চালানো হয়। তার কাছে থেকে দুটি এ্যান্ড্রয়েড মোবাইল ফো উদ্ধার করা হয়েছে। তাকে অনলাইন জুয়ার মামলার আসামি হিসেবে মঙ্গলবার মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন ওসি।

ওসি আরো জানান. এর আগে গ্রেফতার হওয়া অনলাইন জুয়ার এজেন্টদের স্বীকারোক্তিতে পুলিশের সামনে আসে মাসুদ। তারপর থেকে পুলিশ মাসুদ আটক করতে বিভিন্ন ভাবে অনুসন্ধান শুরু করে।

স্থানীয় অনুসন্ধানে জানা গেছে, মাসুদুর রহমান মাসুদ এর আগে বিজিবি তে চাকরি করতেন। সেখানে চোরকারবারীর সাথে জড়িত থেকে অনেক টাকা অবৈধভাবে আয় করেন এবং বিজিবি তার চাকরি চলে যায়। সেই টাকা দিয়ে তিনি কোমরপুর বাজারে ওয়ালটন শোরুমের ডিলার নিয়ে ব্যবসা শুরু করেন। পাশাপাশি শুরু করেন অনলাইন জুয়ার ব্যবসা।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে জানা গেছে, মাসুদ রহমান মাসুদ অনলাইন জুয়াড়ীদের পুলিশের হাত থেকে বাঁচানোর জন্য পুলিশের নাম করে বিভিন্ন জুয়াড়ীদের কাছে চাঁদা আদায় করেও সেই টাকা আত্মসাৎ করেন।

বিস্তারিত আগামী কালের পত্রিকায়

মুজিবনগরে বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“সকলের জন্য ন্যায়বিচার” “শিশুশ্রম বন্ধ করুন” এই স্লোগানে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে উপজেলার ভবেরপাড়া সেন্ট জেভিয়ার জুনিয়র হাই

স্কুল এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের নেতৃত্বে সেন্ট জেভিয়ার জুনিয়র স্কুল প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয় র্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে স্কুল হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

আলোচনা সভায় উপস্থিত থেকে দিবসটি উদযাপনের উদ্দেশ্য ও দিবসের তাৎপর্য, শিশুর সংজ্ঞা, শিশু শ্রম কাকে বলে এবং কিভাবে প্রতিরোধ করা যায়, শিশুশ্রম কিভাবে শিশুদের শারীরিক ও মানসিক ভাবে বাধাগ্রস্ত করে, শিশুশ্রম প্রতিরোধে বিদ্যালয়ের ভূমিকা, শিশুশ্রম প্রতিরোধে সরকারি বিভিন্ন উদ্যোগ, সামাজিকভাবে শিশু শ্রম প্রতিরোধে করণীয়, বিষয়ের উপর বক্তব্য রাখেন, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতি মালো, ভবেরপাড়া ক্যাথলিক মিশনের ফাদার মিস্টার বাবুল বৈরাগী, সিডিপি এর এডমিন অফিসার অশোক মালাকার, সিডিপি এর মেডিকেল অফিসার ডঃ শুভ কুমার মজুমদার।

আলোচনা সভার শেষে অংশগ্রহণকারী শিশুদের মাঝে শিশুশ্রম প্রতিরোধ বিষয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কুইজ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে বিএটির উদ্যোগে বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ

দিবসের র্যালি ও আলোচনা সভা

ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর উদ্যোগে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

‘সকলের জন্য ন্যায়বিচার শিশুশ্রম বন্ধ করুন’ এই স্লোগানে সোমবার সকালে গাংনী উপজেলার নওয়াপাড়া থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে ইকো পার্কে গিয়ে শেষ হয় পরে ওখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভায় মেহেরপুর ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর এরিয়া ম্যানেজার এ এস এম কামালের সভাপতিত্বে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন টেকনিক্যাল ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন ও বাংলাদেশ টেলিভিশন এর জেলা প্রতিনিধি আল আমিন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ , কৃষক ও বিভিন্ন স্তরের মানুষজন। এ সময় ৫ জন কৃষক তাদের সন্তানদেরকে উচ্চশিক্ষায় শিক্ষিত নিশ্চিত করাই তাদেরকে সম্মানী স্মারক তুলে দেওয়া হয়।

ইজিবাইক ছিনতাই করতেই চালককে হত্যা, তিনজন গ্রেফতার

ইজিবাইক ছিনতাই করতেই হত্যা করা হয় মেহেরপুরের শোলমারী গ্রামের আব্দুর রহমানকে। আর ঘটনাটা ভিন্নখাতে প্রবাহিত করা ও মিশন শেষে নিরাপদে চলে যেতে পারায় আবাসিক হোটেলটিকে বেছে নেই ছিনতাইকারীরা।

ইজিবাইক চালক আব্দুর রহমান লাশ উদ্ধারের ১২ ঘন্টার মধ্যেই দুই ঘাতককে গ্রেফতার ও ইজিবাইক উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted] ‘[redacted]’ [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সবমিলিয়ে মেহেরপুর জেলায় এবার জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে অস্থায়ী/স্হায়ী/অতিরিক্ত মিলিয়ে মোট কেন্দ্র সংখ্যা ৪৭৪ টি, সকল কেন্দ্রে কাজ করবেন মোট ৯৪৮ জন কর্মী এবং ৬-১১ মাস ও ১২-৫৯ মাসের মোট ৬৮৬৫৭ জন শিশুকে নীল ও লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

গাংনীতে হেরোইন ও ইয়াবাসহ নারী মাদক ব্যবসায়ী আটক

৩ গ্রাম হেরোইন ও ৩০ পিচ ইয়াবাসহ আমেনা খাতুন (২৮) নামের এক নারী মাদক ব্যবসায়ী আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটক আমেনা খাতুন গাংনী পৌরসভার শিশিরপাড়া গ্রামের মধ্যপাড়া এলাকার মতিয়ার রহমানের স্ত্রী।

এই মামলায় তার স্বামী মতিয়ার রহমান পলাতক রয়েছে। আমেনা খাতুনের কাছ থেকে ৩ গ্রাম হেরোইন ও ৩০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, আটক আমেনা খাতুন ও তার স্বামী মতিয়ার রহমান বাড়িতে মাদক জড়ো করে বিক্রি করার প্রস্তুতি নিচ্ছে এমন খবরের ভিত্তিত্বে উপপরিদর্শক (এসআই) মিলন কুমার বিশ্বাসের নেতৃত্বে পুলিশের একটি টিম ওই বাড়িতে অভিযান চালান। পুলিশের উপস্থিতি টের পেয়ে মতিয়ার রহমান পালিয়ে যায়। হেরোইন ও ইয়াবাসহ আটক হন স্ত্রী আমেনা খাতুন।

হেরোইন ও ইয়াবা উদ্ধারের ঘটনায় আমেনা খাতুন ও মতিয়ার রহমানের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়া হয়েছে। আটক আমেনা খাতুনকে আজ সোমবার (১২ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুৃর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

উল্লেখ্য, গতকাল রবিবার বিকালে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় এজাজ প্লাজা নামের একটি আবাসিক হোটেল থেকে আব্দুর রহমান
(৫২) গলাকাটা অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ।

মেহেরপুরে পারিবারিক নির্যাতনের শিকার রাসেল আহমেদ

মেহেরপুর বড় বাজারে মেহেরপুর বীজ ভান্ডারের মালিক মোঃ রাসেল আহমেদ পারিবারিক নির্যাতনের শিকার হয়ে অভিযোগ করে।

আজ রবিবার সকালে মেহেরপুর জেনারেল হাসপাতালে রাসেল আহমেদ বলেন গতকাল ৮:৩০ মিনিটের সময় কাজের জন্য বামন পাড়া মোড়ে গেছিলাম ওখানে ৩টা মোটরসাইকেল করে ৬ জন লোক এসে আমার পাশে দাঁড়ালো আমি যার জন্য অপেক্ষা করছিলাম ওমনি এলোপাতাড়ি মার শুরু করলো কিছু লোকজন এগিয়ে আসার কারণে ছুরি দিয়ে হাতে আঘাত করে চলে যায় এবং গ্রামের লোকজন মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

এইগুলোর জন্য দায়ী হলো কয়দিন ধরে আমার নও চাচা যে চাচা আমাকে মেরেছিল কিছুদিন আগে নও চাচা ক’দিন আগে বলছিল যে যত খরচ হয় হোক ওকে মার্ডার করতে হবে। নও চাচার দ্বিতীয় বউ মনজুরার মেয়ে সেফি সেও ভয়-ভীতি দেখাচ্ছে কদিন ধরে। এর সাথে জয়নাল জড়িত থাকতে পারে জয়নালও ভয়ভীতি দেখাচ্ছে। আমার ভগ্নিপতি মামুন জড়িত আছে সেও ভয়ভীতি দেখাচ্ছে। কিছুদিন আগে সবার নামে মার্ডার কেস করেছি। তারপর আমার ছোট মামা সেও ভয়-ভীতি দেখাচ্ছে। রাত এগারোটা বারোটার সময় বাসার পিছনে আসছে সবাই এসে ইট মারছে। রাস্তাঘাটে ভয়-ভীতি দেখাচ্ছে যখন তখন ভয়-ভীতি দেখাচ্ছে। কালকে সুরি পেটে মারতে গেছিল তখন হাত দিয়ে ঠেকিয়েছি পেটে না লেগে হাতে লেগেছে

আমি কি এর বিচার পাব না তারা অন্যায়ের উপর অন্যায় করছে। আমি মার্ডার কেস করেছি কালকে ছেলেরা বলছিল মার্ডার কেস তুলতে হবে এবং যত ধরনের কেস আছে সব তুলতে হবে এই বলে কালকে আমাকে মারধর করেছে এবং ছুরি দিয়ে আঘাত করেছে। আমাকে কি বাঁচতে দেবে না আমি প্রশাসনের কাছে সহ সকলের কাছে অনুরোধ করছি আমি যেন সুষ্ঠু বিচার

পাই।

মার্ডার কেস তোলা বলছিল বলেই আমাকে মারধর করেছে তবে ৬ জনের মধ্যে আমি একজনকে একটু চিনতে পেরেছি তার বাসা যত সম্ভব বেড় পাড়ায় মুখ দেখলে আমি চিনতে পারবো তবে কার ছেলে কে আমি অত চিনি না।